**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-10-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) একতা দিবস উপলক্ষে আজ দেশজুড়ে একতা দৌড়ের আয়োজন করা হয় ।**

**(২) আজ থেকে রাজ্যের সাতটি বিধানসভা কেন্দ্রে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর কাজ শুরু হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিভিন্ন সরকারি দপ্তরে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করেছেন ।**

**(৪) ত্রিপুরা ও মুম্বাইয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলাটি আজ ড্র হয়েছে ।**

*********************************************

**Run for unity :**

একতা দিবস উপলক্ষ্যে আজ দেশজুড়ে একতা দৌড়ের আয়োজন করা হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, অমিত শাহ আজ নতুনদিল্লির মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়ামে একতা দৌড়ের সূচনা করেন। সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী উপলক্ষে এই দৌড়ের আয়োজন করা হয়। সর্দার বল্লভ ভাই প্যাটেল ১৮৭৫ সালে ৩১শে অক্টোবর জন্মগ্রহণ করেছিলেন।

অনুষ্ঠানে বক্তৃতায় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আজ ভারত প্রতিটি ক্ষেত্রে নেতা হওয়ার পথে বিশ্বের সামনে শক্তিশালী হয়ে দাঁড়িয়েছে এবং এর ভিত্তি স্থাপন করেছিলেন সর্দার প্যাটেল। তিনি জোর দিয়ে

বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রতিটি ক্ষেত্রে সর্দার প্যাটেলের দৃষ্টি, ধারণা এবং বার্তাকে একটি সুনির্দিষ্ট আকার দিয়েছেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে একতা দৌড় শুধু দেশের ঐক্যের জন্য নয়, এখন একতা দৌড় বিকশিত ভারতের জন্যও একটি লক্ষ্যে পরিণত হয়েছে। সর্দার বল্লভভাই প্যাটেলের অবদানের কথা স্মরণ করে শ্রী শাহ বলেন, সর্দার প্যাটেল একটি অখণ্ড দেশ গঠনের জন্য বিভিন্ন রাজ্যকে একত্রিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। তাই, দেশের ঐক্য ও অখণ্ডতার জন্য একতা দৌড়ের আয়োজন করা হয়েছে। তিনি বলেন যে দীপাবলির কারণে সরকার বৃহস্পতিবারের পরিবর্তে আজ অনুষ্ঠানের আয়োজন করার সিদ্ধান্ত নেয়।

আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া, মনোহর লাল, নিত্যানন্দ রাই এবং দিল্লির লেফটেন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা। এই দৌড়ে প্রায় আট হাজার দৌড়বিদ অংশ নেন।

***************************

**Rastriya Ekta Diwas :**

রাজ্যেও যথাযথ মর্যাদায় রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে রাজ্যভিত্তিক রাষ্ট্রীয় একতা দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, দেশের সার্বভৌমত্ব এবং ঐক্যের প্রতীক লৌহ মানব সর্দার বল্লভভাই প্যাটেল। ভারতের একতা ও অখন্ডতা বজায় রাখার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন। তিনি বলেন, ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার গঠন হওয়ার পর থেকে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিনে রাষ্ট্রীয় একতা দিবস হিসাবে পালিত হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন,

###########Byte##########

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, একতা দিবস আমাদের মধ্যে মূল্যবোধ এবং সুস্থ সংস্কৃতিকে জাগিয়ে তোলে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, রাজ্য সভার সাংসদ রাজীব ভট্টাচার্য্য, মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, বিধায়ক অন্তরা দেব সরকার, মুখ্যসচিব জে কে সিনহা প্রমুখ।

অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী ও ক্রীড়ামন্ত্রী পতাকা নেড়ে রান ফর ইউনিটির সূচনা করেন। ইউনিটি রানে টি এস আর, আসাম রাইফেলস, এন এস এস, ক্রীড়াবিদ, বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রীরা অংশ নেন।

ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আজ কৈলাশহরেও রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয়। ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রীয় একতা ও সংহতির শপথবাক্য পাঠ করান ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। এই উপলক্ষ্যে ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গণ থেকে কৈলাশহর থানা চত্বর পর্যন্ত একতার জন্য দৌড় অনুষ্ঠিত হয়। আজকের কর্মসূচিতে অংশ নেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জিলা পরিষদের সদস্যদ্বয় বিমল কর ও শ্যামল দাশ প্রমুখ।

****************************

**Electoral Roll :**

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচী অনুযায়ী আজ থেকে রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর কাজ শুরু হয়েছে। এর জন্য আজ খসড়া সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। এই তালিকায় মোট ভোটার সংখ্যা ২৮ লক্ষ ৭৫ হাজার ৫৪৬ জন। এরমধ্যে পুরুষ ভোটার ১৪ লক্ষ ৪৯ হাজার ৩৫৭ জন, মহিলা ভোটার ১৪ লক্ষ ২৬ হাজার ১২০ জন ও তৃতীয় লিঙ্গের ভোটার ৬৯ জন। খসড়া তালিকা প্রকাশের পর আজ থেকেই দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হয়েছে। তা চলবে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ২৪শে

ডিসেম্বর। চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী বছরের ৬ই জানুয়ারী। ২০২৫ সালের পয়লা জানুয়ারী তারিখকে বয়সের ভিত্তি তারিখ ধরে চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন করা হবে। আগামী বছরের পয়লা জানুয়ারী যাদের বয়স ১৮ বছর পূর্ণ হবে তারা ভোটার তালিকা সংশোধনী প্রক্রিয়া চলাকালে বাড়ির নিকটবর্তী ভোটগ্রহণ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত অফিসার অথবা বুথ লেভেল অফিসারের কাছে নির্ধারিত '৬নং' ফর্মে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারবেন। তাছাড়া যাদের বয়স আগামী বছরের পয়লা এপ্রিল/ পয়লা জুলাই/ পয়লা অক্টোবর তারিখে ১৮ বছর পূর্ণ হবে তারা ও ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য অগ্রিম আবেদন জমা দিতে পারবেন।

************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ ধলাই জেলার সালেমায় কৃষি বিজ্ঞান কেন্দ্র পরিদর্শন করেন। সেখানে তিনি কৃষকদের সঙ্গে একটি মতবিনিময় সভায় অংশ নেন ও সেখানে স্ব-সহায়ক দলের বেশ কিছু স্টল উদ্বোধন করেন। সেখানে রাজ্যপাল বলেন,

##########Byte##########

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, বিধায়িকা স্বপ্না দাস পাল, আমবাসা ব্লকের বিএসি চেয়ারম্যান পরিমল দেববর্মা, ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ, জেলা পুলিশ সুপার অবিনাশ রাই প্রমুখ।

***************************

**Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিভিন্ন সরকারি দপ্তরে ৫১ হাজারেরও বেশি নিয়োগপত্র বিতরণ করেছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন,

যুবাদের স্থায়ী সরকারি চাকরি দেওয়ার চেষ্টা চলছে। তিনি বলেন, সরকার দেশের যুবাদের কর্মসংস্থানের সুযোগ দিতে বদ্ধপরিকর। সারাদেশে ৪০টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হয়। বিভিন্ন মন্ত্রক এবং বিভাগে কেন্দ্রীয় সরকারে যোগদানকারী নবনিযুক্ত নিয়োগকারীরা কর্মযোগী মডিউলে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন। এই অনলাইন মডিউলটি iGOT কর্মযোগী পোর্টালে পাওয়া যাবে। এক হাজার ৪০০টিরও বেশি ই-লার্নিং কোর্সের মাধ্যমে নিয়োগকারীরা তাদের ভূমিকা কার্যকরভাবে পালন করতে এবং বিকশিত ভারত গড়ার লক্ষ্যে কাজ করতে দক্ষতা অর্জনে সক্ষম হবেন।

****************************

**PM, Ayurveda :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ধন্বন্তরী জয়ন্তী এবং নবম আয়ুর্বেদ দিবস উপলক্ষে নতুনদিল্লিতে স্বাস্থ্য ক্ষেত্র সম্পর্কিত প্রায় ১২ হাজার ৮৫০ কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি ৭০ বছর বা তার বেশি বয়সী, যেকোনো আয়ের সকল প্রবীণ নাগরিকদের আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতাভুক্ত করার কর্মসূচিরও সূচনা করেন।

প্রধানমন্ত্রী ভারতের প্রথম অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদের দ্বিতীয় পর্যায়েরও উদ্বোধন করেন। এতে একটি পঞ্চকর্ম হাসপাতাল, ওষুধ তৈরির জন্য একটি আয়ুর্বেদিক ফার্মেসি, একটি ক্রীড়া ওষুধ ইউনিট, একটি কেন্দ্রীয় গ্রন্থাগার, একটি আইটি, স্টার্ট-আপ ইনকিউবেশন সেন্টার এবং একটি ৫০০ আসনের অডিটোরিয়াম অন্তর্ভুক্ত রয়েছে।

প্রধানমন্ত্রী মধ্যপ্রদেশের মন্দসৌর, নিমুচ এবং সিওনিতে তিনটি মেডিকেল কলেজেরও উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী হিমাচল প্রদেশের বিলাসপুর, পশ্চিমবঙ্গের কল্যাণী, বিহারের পাটনা,

উত্তরপ্রদেশের গোরখপুর, মধ্যপ্রদেশের ভোপাল, আসামের গুয়াহাটি এবং নতুনদিল্লির AIIMS-এ জন ঔষধি কেন্দ্র সহ বিভিন্ন পরিষেবা সম্প্রসারণেরও উদ্বোধন করেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী ছত্তিশগড়ের বিলাসপুরে সরকারি মেডিকেল কলেজে একটি সুপার স্পেশালিটি ব্লক এবং ওড়িশার বারগড়ে একটি ক্রিটিক্যাল কেয়ার ব্লকেরও উদ্বোধন করেন। মধ্যপ্রদেশের শিবপুরী, রতলাম, খান্ডওয়া, রাজগড় এবং মন্দসৌরে পাঁচটি নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তরও প্রধানমন্ত্রীর স্থাপন করেন। তিনি আয়ুষ্মান ভারত স্বাস্থ্য পরিকাঠামো মিশনের অধীনে হিমাচল প্রদেশ, কর্ণাটক, মণিপুর, তামিলনাড়ু এবং রাজস্থানে ২১টি ক্রিটিক্যাল কেয়ার ব্লকের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

**************************

**CM-Ayurveda Diwas :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, রাজ্যে আয়ুর্বেদিক চিকিৎসার প্রসারে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে। আয়ুর্বেদ চিকিৎসায় রোগীদের আস্থা বাড়ছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে 'নবম আয়ুর্বেদ দিবসের' রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন,

আয়ুর্বেদ হাসপাতাল সহ রাজ্যের বিভিন্ন জায়গার আয়ুর্বেদিক কেন্দ্রগুলির বহির্বিভাগে রোগীদের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। রোগীদের বিনামূল্যে প্রায় সব ধরণের আয়ুর্বেদিক ঔষুধ দেওয়ার ব্যবস্থা রয়েছে। এবারের আয়ুর্বেদ দিবসের মূল ভাবনা হলো 'বিশ্ব স্বাস্থ্যের জন্য আয়ুর্বেদের উদ্ভাবন'। মুখ্যমন্ত্রী বলেন, সম্প্রতি রাজ্য স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে প্রায় দেড় কোটি টাকা মূল্যের আয়ুর্বেদিক ওষুধ কেনার জন্য অনুমোদন দেওয়া হয়েছে। ত্রিপুরাতেও আয়ুর্বেদিক কাউন্সিল গঠিত হয়েছে। চিকিৎসকদের জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়াকে সহজ ও আধুনিক করতে ডিজিটাল পদ্ধতির ব্যবস্থা চালু করা হচ্ছে বলে তিনি জানান। এরফলে এখন থেকে আয়ুর্বেদিক চিকিৎসকরা সহজেই অনলাইনে

রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন। রাজ্যের বিভিন্ন জায়গায় পঞ্চকর্ম চিকিৎসা পদ্ধতি সফলভাবে চলার বিষয়টিও তিনি উল্লেখ করেন। আয়ুর্বেদিক চিকিৎসা চর্মরোগসহ বিভিন্ন জটিল রোগ নিরাময়ে কার্যকর ভূমিকা পালন করছে। অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে আয়ুর্বেদ দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা করেন।

****************************

**CM-Illegal Intrusion :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের বিভিন্ন সীমান্ত এলাকা দিয়ে বাংলাদেশী এবং রোহিঙ্গা নাগরিকদের অবৈধ অনুপ্রবেশ রুখতে বি.এস.এফ, টিএসআর এবং পুলিশকে সতর্ক করে দেওয়া হয়েছে। আজ আগরতলার বড়দোয়ালিতে আকাশবাণী আগরতলার প্রতিনিধিকে দেওয়া এক সাক্ষাৎকারে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন,

##########Byte###########

সম্প্রতি ত্রিপুরা মেডিকেল কলেজে র‍্যাগিং-র ঘটনা সম্পর্কে এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, র‍্যাগিং কোনোভাবেই বরদাস্ত করা হবেনা। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার র‍্যাগিং প্রতিরোধে কড়া আইনী বিধান এনেছে। র‍্যাগিং ঘটনায় অভিযুক্তদের যুক্তদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

***********************

**Ranji Trophy :**

ত্রিপুরা ও মুম্বাইয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলাটি আজ ড্র হয়েছে। ম্যাচে মুম্বাই প্রথম ইনিংসে লিড নেয়ায় তিন পয়েন্ট পায়। স্বাগতিক ত্রিপুরা পায় এক পয়েন্ট। এম বি বি স্টেডিয়ামে আজ চতুর্থ তথা শেষ দিনে দুই উইকেটে ৭ রান থেকে ব্যাট করতে নেমে সফরকারী মুম্বাই ৬ উইকেটে ১২৩ রান তুলে দ্বিতীয় ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। দলনেতা আজিঙ্ক রাহানে

অপরাজিত ৪৮ রান করেন। রাজ্যদলের অভিজিৎ সরকার ৩১ রানে ৩টি উইকেট পান। ২৭২ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে কোন উইকেট না হারিয়ে ৪৮ রান করে। এর আগে মুম্বাইয়ের প্রথম ইনিংসের ৪৫০ রানের জবাবে রাজ্যদল ফলোঅন এড়িয়ে ৩০২ রান করেছিল। এই প্রথম রঞ্জি ট্রফিতে মুম্বাইয়ের বিরুদ্ধে পয়েন্ট পেলো ত্রিপুরা।

****************************

**Naidu Trophy :**

কর্ণেল সি কে ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে তামিলনাড়ুর কাছে এক ইনিংস ও ৩৫ রানে ত্রিপুরা সরাসরি পরাজিত হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চারদিনের খেলার তৃতীয় দিনে আজ ফলোঅনে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১২৪ রান করতে সক্ষম হয়। একমাত্র আনন্দ ভৌমিক ৫১ রান করেন।ফলে সফরকারী তামিলনাড়ু বোনাস সহ ৭ পয়েন্ট পায়। এর আগে তামিলনাড়ুর প্রথম ইনিংসের ২৬৫ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে মাত্র ১০৬ রান করেছিল। এই আসরে রাজ্যদল টানা তিনটি ম্যাচে পরাজিত হলো।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৫ ডিগ্রি সেলসিয়াস।

****************************